# ক্লাস ৫ : একটি বিমান দুর্ঘটনা

আগরতলা থেকে কলকাতা যাচ্ছিল ই৬ ২৩৬ ইনডিগো কোম্পানীর বিমান। যাত্রীদের বিমান ছাড়ার ঘোষনা শোনানো শেষ। যে যার ট্রলি ব্যাগ, সুটকেস নিয়ে ব্যস্ত-সমস্ত হয়ে বোর্ডিং পাশ নিয়ে, চেকিং-এর জন্যে তৈরী। যথারীতি পরীক্ষা-নিরীক্ষার শেষে একে একে সকলে বিমানে উঠে গেল। হয়তো বা নিশ্চিন্তে বসেও পড়ল। শুধুমাত্র ত্রিশ মিনিটের উড়ান-পথ।

বিমানের দরজা বন্ধ হল। এরপরই তো বিমান সেবিকারা নিয়মকানুন বলে। তারপর গোঁ গোঁ শব্দে মাটিতে ছুটতে শুরু করল বিমানটি। এই এবার মাটি ছেড়ে উড়ল বলে...

মুহূর্তের মধ্যে কালো ধোঁয়া আর আগুনের হল্কায় ভরে গেল বিমানের চারপাশ। যখন বিমানের চাকা রান্ওয়েতে ছুটছিল তখন কী ভাবে ঘর্ষনে আগুনের ফুলকি গিয়ে লাগে জ্বালানির ট্যাঙকারের গায়ে। সঙ্গে সঙ্গে প্রচন্ড জোরে সশব্দে ফেটে গেল সেটা। হয়তো ডিফেক্ট/ক্ষত ছিল। বোধহয় তেমন মনোযোগ দিয়ে সতর্কতা নেওয়া হয়নি। সব দেখে নিয়ে বিমান ছাড়া হয়নি।

ফলে যা হবার তা হল। আধঘন্টার মধ্যে গোটা বিমানটা পেটের ভেতরের মানুষগুলো সমেত পুড়ে কালো হয়ে গেল। বাইরে তখন এমারজেন্সি চলছে আগুন নেভানোর জন্যে।

আমাদের শিলং যাবার বিমান সকাল সাতটায়। আমরা লাউঞ্জের ভেতর থেকে কাঁচের জানলা দিয়ে প্রায় গোটা ঘটনার সাক্ষী হয়ে থাকলাম। মর্মান্তিক, মানা যায় না। চারিদিকে হা-হুতাস। আমাদের মন খুব খারাপ হয়ে গেল। বাবা-মা আমার হাত চেপে ধরে রাখলেন।

**©2014 Arked Infotech**